

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০.০০৩.২২.০০১.১৫-

তারিখ : ০৩.১০.২০১৭ খ্রিঃ

বিষয় : ২০১৭-১৮ ওমরাহ্ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয়/হালনাগাদ কাগজপত্রাদিসহ আবেদন দাখিল
প্রসংগে।

রাজকীয় সৌদি সরকার কর্তৃক আগামী ১৪৩৯ (২০১৭-১৮ খ্রিঃ) হিজরী সনের ওমরাহ্ সংক্রান্ত সকল কার্যাদি শুরু হয়েছে। ইতোমধ্যে মধ্যে অনেক ওমরাহ এজেন্সি মালিক তাদের লাইসেন্স হালনাগাদ/নবায়ন করার লক্ষ্যে নির্ধারিত নিয়মে আবেদন দাখিল করেছেন। কাজেই যে সকল আগ্রহী ওমরাহ্ এজেন্সির মালিকগণ এখন পর্যন্ত আবেদন দাখিল করেনি তাদেরকে সৌদি দূতাবাসসহ সংশ্লিষ্ট সকল কার্যালয়ে বৈধ ওমরাহ্ এজেন্সীর তালিকা প্রেরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে নিম্নলিখিত কাগজপত্রাদিসহ সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (দৃঃ আঃ উপ-সচিব (হজ) বরাবর এজেন্সীর প্যাডে আবেদন দাখিলের প্রয়োজনীয় নির্দেশনা/ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) হালনাগাদ নবায়নকৃত ট্রাভেল লাইসেন্সের কপি;
- (খ) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের কপি;
- (গ) ২০১৬-২০১৭/২০১৭-২০১৮ অর্থ সালের আয়কর সনদের কপি;
- (ঘ) চলমান ওমরাহ্ লাইসেন্সের মূল কপি/ওমরাহ সনদপত্রের কপি;
- (ঙ) আই,এ,টি,এ সনদপত্রের কপি।
- (চ) মন্ত্রণালয়ের নির্ধারিত নবায়ন ফি বাবদ প্রতি বছর ২৫,০০০ (পঁচিশ) হাজার টাকা করে ০৩ (তিন) বছরের জন্য ২৫,০০০X৩=৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ১-৩৫০১-০০০১-১৮৫৪ নং কোডে ও মূল্য সংযোজন কর (১৫%) বাবদ ১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা ১-১১৩৩-০০১০-০৩১১ নং কোডে এবং ২০১২-২০১৫ মেয়াদে নবায়নকৃত লাইসেন্সের নবায়ন ফি (অনাদায়ী) ৬০,০০০/- (ষাট হাজার) টাকার ১৫% ভ্যাট বাবদ বকেয়া ৯০০০/- (নয় হাজার) টাকা ১-১১৩৩-০০১০-০৩১১ নং কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমাপূর্বক ৩টি চালানোর মূল কপি।

(মো: মোস্তফা কাইয়ুম)
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৫২০০

সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন
অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার,
হোটেল ভিক্টোরী (৪র্থ তলা), ঢাকা।

নং-১৬.০০.০০০.০০৩.২২.০০১.১৫/১৩৯৮

তারিখ : ০৩.১০.২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলঃ-

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিজনেস অটোমেশন, বিডিবিএল ভবন (১০ তলা), ১২, কাওরান বাজার, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য)।

(মো: মোস্তফা কাইয়ুম)
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৫২০০।